

CRLS পেশ করছে: CRLS শিক্ষার্থীদের জন্য ক্রোমবুক ওরিয়েন্টেশন

হাই, CRLS শিক্ষার্থীরা এবং পরিবারগণ! CRLS ক্রোমবুক ওরিয়েন্টেশন-এ স্বাগত। তোমরা কি জানো, তোমরা কতটা ভাগ্যবান? আমরা তোমাদের অল্প সময় নেব যাতে তোমরা আমাদের ধন্যবাদ জানাতে পারো, কারণ আমরাই CRLS-এ প্রথম ক্লাস যারা ক্রোমবুক পাবে। আমরা প্রভূত পরিশ্রম করেছি এটি নিশ্চিত করতে যে এই যন্ত্রগুলি সব CRLS শিক্ষার্থীদের জন্য উপযুক্ত হবে, এবং প্রয়োজনমতো আমরা অগণিত ঘন্টা ফিডব্যাক দিয়েছি। তাই, আপনাদের ধন্যবাদ সাদরে গৃহীত হল!

আজ আমরা আলোচনা করতে চলেছি আপনার ক্রোমবুকের রক্ষণাবেক্ষণ ও দায়িত্ব করার কিছু গুরুত্বপূর্ণ নিয়মগুলি। আপনার ক্রোমবুক শিক্ষার জন্য প্রদান করা হয়েছে এবং এটি আপনার শিক্ষাগত সাফল্য এনে দেওয়ার লক্ষ্যে প্রদান করা হয়েছে। প্রভূত শক্তির সাথে অনেক দায়িত্বও বর্তায়, তাই এখানে তোমাদের কিছু নির্দেশিকা দেওয়া হল।

রক্ষণাবেক্ষণ

- নিশ্চিত করো যাতে তোমরা প্রতি দিনে স্কুলে ক্রোমবুক নিয়ে আসো, সম্পূর্ণ চার্জ করা এবং চলার জন্য তৈরি। আমরা এটির পুনরাবৃত্তি করব: নিশ্চিত করো, যাতে তোমরা প্রতি দিনে স্কুলে ক্রোমবুক নিয়ে আসো, সম্পূর্ণ চার্জ করা। এর মানে হল: তোমাদের চার্জারগুলি বাড়িতে রেখে দিয়ে এসো।
- দ্রুত চার্জ করতে হবে? CRLS লাইব্রেরিতে এতো এবং তাদের ক্রোমবুক চার্জিং টাওয়ার ব্যবহার করো!
- নিশ্চিত করো তোমার ক্রোমবুক তার কেসের মধ্যেই সবসময়ে থাকে, এমনকি তাতে যখন তুমি কাজ করছো, তখনও। তোমাকে সেটি রক্ষা করতে হবে, এমনকি সেটি তোমার ব্যাকপ্যাকে থাকলেও।
- তোমার ক্রোমবুকে কিছু ঝাঁকো না অথবা তাতে কোনো স্টিকার আটকিও না এমনকি তাতে রঙও করো না। তোমাকে সেটি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- কেবলমাত্র বিশেষ কম্পিউটার-অনুমোদিত ওয়াইপ দিয়ে তোমার ক্রোমবুক পরিষ্কার কতো -- কোনো স্প্রে বা স্পঞ্জ বা ওই রকম কিছু ব্যবহার করো না।
- আর অবশ্যই কোনো খাবার বা পানীয় তোমার ক্রোম বুকের কাছে আনবে না। সেগুলি ক্রোমবুককে অপরিষ্কার ও অস্বাস্থ্যকর করে তুলবে।
- আমরা আগেই তোমাদের বলেছি যে - নিশ্চিত করো, যাতে তোমরা প্রতি দিনে স্কুলে ক্রোমবুক নিয়ে আসো, সম্পূর্ণ চার্জ করা। তোমাদের চার্জারগুলি বাড়িতে রেখে দিয়ে এসো।

AUP: অ্যাক্সেসপটেবল ইউজ পলিসি (গ্রহণযোগ্য ব্যবহার নীতি)

CRLS তোমাদের এই কম্পিউটারগুলি দেওয়ার আগে, তোমাদের কিছু বিষয় জেনে নেওয়া উচিত।

- কখনই অন্য শিক্ষার্থীদের তোমার ক্রোমবুক ব্যবহার করতে দেবে না অথবা তোমার অ্যাকাউন্ট তাদের সাথে শেয়ার করবে না। এটি হল পরিচিতি চুরি করা (আইডেন্টিটি থেফট)।
- তোমার ক্রোমবুক ব্যবহার করে অন্যদের প্রতি নির্ভুর হয়ো না। অনলাইন থাকাকালীন দয়া প্রদর্শন করো – এটি হল ভালো ডিজিট্যাল নাগরিক হওয়া।
- তোমার ক্রোমবুক ব্যবহার করে অন্যদের কাজ নকল করো না এবং সেটিকে নিজের বলে চালিয়ে দিও না। এটি হল লেখা চুরি (প্ল্যাগিয়ারিজম)।
- তোমার ক্রোমবুকে সফটওয়্যার, সঙ্গীত, ভিডিও অথবা অন্যান্য কন্টেন্ট ডাউনলোড করো না। কোনো বেআইনি কাজ নয়!
- তুমি কেবলমাত্র তোমার CPSD ডিমেইল অ্যাকাউন্ট ব্যবহার করতে পারবে ক্রোমবুকে লগ-ইন করতে, তাই নিজের ব্যক্তিগত অ্যাকাউন্ট ব্যবহার করো না। সেটি কাজ করবে না।

কী হবে যখন...

- আমার ক্রোমবুকে আমি Netflix না দেখতে পাই?
 - যে ফিল্টারগুলি স্কুলে প্রযোজ্য হয়, সেগুলি বাসাতেও প্রযোজ্য হয়। তাই যদি তুমি Netflix বা অন্য সাইট দেখতে চাও, যা স্কুলে ব্লক করা হয়ে থাকে, তাহলে তোমার উচিত স্মার্টফোন বা অন্য কোনো যন্ত্র ব্যবহার করা।
- আমি বাসাতে ভুলে ক্রোমবুক ফেলে এসেছি। এবার কী হবে?
 - যদি তুমি তোমার ক্রোমবুক ভুলে গিয়ে থাকো, তাহলে তুমি একটি ধারে পাবে না। তাই সেটিকে প্রতিদিন নিয়ে আসতে হবে, সম্পূর্ণ চার্জ করে এবং তোমার চার্ডারবাড়িতে রেখে আসতে হবে।
- ঠিক আছে, যদি আমার বিরক্তিকর ছোটো ভাই আমার ক্রোমবুক ব্যবহার করতে চায়?
 - তোমার ক্রোমবুক শুধু তোমাকে এবং কেবলমাত্র তোমাকেই দেওয়া হয়ে থাকে, তাই অন্য কেউ সেটি ব্যবহার করতে পারবে না, বিশেষ করে তোমার বিরক্তিকর ছোটো ভাই।
- আমি আমার পাসওয়ার্ড ভুলে গেছি। তাহলে কী হবে?
 - CRLS লাইব্রেরিতে দেখে নাও ফ্যালকন ফিক্সার্স স্টুডেন্ট হেল্পডেস্ক অথবা ইমেল করো এই ঠিকানায় [helpdesk@cpsd.us!](mailto:helpdesk@cpsd.us)
- যদি আমার ক্রোমবুক হারিয়ে যায়, তবে কী হবে?
 - CRLS লাইব্রেরিতে দেখে নাও ফ্যালকন ফিক্সার্স স্টুডেন্ট হেল্পডেস্ক অথবা ইমেল করো এই ঠিকানায় [helpdesk@cpsd.us!](mailto:helpdesk@cpsd.us)

শুধুমাত্র এটুকুই CRLS! যদি তুমি এই নির্দেশিকাগুলি ও CRLS স্টুডেন্ট হ্যান্ডবুকে অতিরিক্ত নির্দেশগুলি অনুসরণ করো তাহলে তুমি স্কুল ইয়ারের জন্য তৈরি হবে। গো ফ্যালকনস!